গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
(সংস্থা প্রশাসন শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood. gov.bd

নং-১৩.০০.০০০০.০২২.০৬.০০২.১৭-৩৬৪

তারিখ: ২২ আষাঢ়, ১৪২৪ ব. / ০৬ জুলাই,২০১৭ খ্রি.

## প্রজ্ঞাপন

নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর উদ্দেশ্যে বাস্তবায়নকল্পে দেশব্যাপী নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নরূপভাবে বিভাগীয়, জেলা ও উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি গঠন করা হলো:

### (ক) বিভাগীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি

১। বিভাগীয় কমিশনার- সভাপতি
২। ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ- সদস্য
৩। পরিচালক (স্বাস্থ্য), স্বাস্থ্য বিভাগ- সদস্য
৪। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর - সদস্য
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর- সদস্য
৬। উপ-পরিচালক, বিভাগীয় প্রাণীসম্পদ দপ্তর- সদস্য
৭। উপ-পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর- সদস্য
৮। উপ-পরিচালক, এনএসআই- সদস্য
৯। উপ-পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর- সদস্য
১০। বিভাগীয় সদর সিটি করপোরেশনের মেয়র এর প্রতিনিধি ০১ জন- সদস্য
১১। উপ-পরিচালক/সহকারী পরিচালক, বিএসটিআই আঞ্চলিক অফিস- সদস্য
১২। সভাপতি, বিভাগীয়/মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ - সদস্য
১৩। সভাপতি, বিভাগীয় কনজিউমারস এ্যাসোসিয়েশন - সদস্য
১৪। খাদ্য ব্যবসা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি ০২ জন - সদস্য
১৫। খাদ্য উৎপাদন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি ০২ জন- সদস্য
১৬। খাদ্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি ০২ জন- সদস্য
১৭। সুশীল সমাজের প্রতিনিধি ০১ জন- সদস্য
১৮। গণমাধ্যমের প্রতিনিধি ০১ জন- সদস্য
(১৪-১৮) বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত
১৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক- সদস্য সচিব।

### বিভাগীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির কর্মপরিধি

(১) নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে বিভাগ পর্যায়ে খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ, বিপণন ও বিক্রয় সংশ্লিষ্ট কার্যক্রম সমন্বয়ের মাধ্যমে নিয়ন্ত্রণ;
(২) বিভাগে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার বর্তমান পরিস্থিতি নিরূপণ;
(৩) বিভাগে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিতকরণ;
(৪) চিহ্নিত স্থানীয় সমস্যাসমূহের অগ্রাধিকার নির্ণয়;
(৫) অগ্রাধিকারের ভিত্তিতে বিদ্যমান সমস্যাসমূহ দূরীকরণে পন্থা নির্ধারণ;
(৬) সর্বোত্তম পন্থা চিহ্নিতকরণ এবং স্থানীয়ভাবে তা সমাধান;
(৭) নিরাপদ খাদ্য বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রচারণা কার্যক্রম;
(৮) প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়নপূর্বক বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ;
(৯) সমন্বয় কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে প্রতি দুই মাসে অন্তত: একবার এবং বছরে কমপক্ষে ছয়বার কমিটির সভা অনুষ্ঠিত হবে। তবে বিশেষ জরুরী পরিস্থিতিতে যে কোন সময় সভা আহ্বান করা যেতে পারে।
(১০) সমন্বয় কমিটি, প্রয়োজনবোধে, সংশ্লিষ্ট যে কোন ব্যক্তিকে সমন্বয় কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে অথবা সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

## (খ) জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি

১। জেলা প্রশাসক-সভাপতি
২। পুলিশ সুপার-সদস্য
৩। সিভিল সার্জন-সদস্য
৪। মেয়র, জেলা সদর সিটি করপোরেশন/পৌরসভা বা তাঁর প্রতিনিধি -সদস্য
৫। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর- সদস্য
৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা-সদস্য
৭। জেলা মৎস্য কর্মকর্তা-সদস্য
৮। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর-সদস্য
৯। উপ-পরিচালক/সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর-সদস্য
১০। সহকারী পরিচালক, এনএসআই-সদস্য
১১। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর-সদস্য
১২। সভাপতি, জেলা চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাস্ট্রিজ-সদস্য
১৩। জেলা পরিষদ চেয়ারম্যানের প্রতিনিধি ০১ জন-সদস্য
১৪। সভাপতি, জেলা কনজিউমারস এ্যাসোসিয়েশন-সদস্য
১৫। খাদ্য ব্যবসা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি ০২ জন -সদস্য
১৬। খাদ্য উৎপাদন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি ০২ জন-সদস্য
১৭। খাদ্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি ০২ জন-সদস্য
১৮। সুশীল সমাজের প্রতিনিধি ০১ জন-সদস্য
১৯। গণমাধ্যমের প্রতিনিধি ০১ জন-সদস্য
(১৫–১৯: জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)
২০। জেলা খাদ্য নিয়ন্ত্রক - সদস্য সচিব।

## জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির কর্মপরিধি

(১) নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে জেলা পর্যায়ে খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ, বিপণন ও বিক্রয় সংশ্লিষ্ট কার্যক্রম সমন্বয়ের মাধ্যমে নিয়ন্ত্রণ;
(২) জেলায় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার বর্তমান পরিস্থিতি নিরূপণ;
(৩) জেলায় বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিতকরণ;
(৪) চিহ্নিত স্থানীয় সমস্যাসমূহের অগ্রাধিকার নির্ণয়;
(৫) অগ্রাধিকারের ভিত্তিতে বিদ্যমান সমস্যাসমূহ দূরীকরণে পন্থা নির্ধারণ;
(৬) সর্বোত্তম পন্থা চিহ্নিতকরণ এবং স্থানীয়ভাবে তা সমাধান;
(৭) নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রচারণা কার্যক্রম;
(৮) প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়নপূর্বক বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ;
(৯) সমন্বয় কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে প্রতি দুই মাসে অন্তত: একবার এবং বছরে কমপক্ষে ছয়বার কমিটির সভা অনুষ্ঠিত হবে। তবে বিশেষ জরুরী পরিস্থিতিতে যে কোন সময় সভা আহবান করা যেতে পারে।
(১০) সমন্বয় কমিটি, প্রয়োজনবোধে, সংশ্লিষ্ট যে কোন ব্যক্তিকে সমন্বয় কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

## (গ) উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি

১। উপজেলা নির্বাহী অফিসার-সভাপতি
২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা-সদস্য
৩। উপজেলা কৃষি কর্মকর্তা-সদস্য
৪। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা-সদস্য
৫। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা-সদস্য

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট পুলিশ স্টেশন-সদস্য
৭। উপজেলা সমাজসেবা কর্মকর্তা-সদস্য
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা-সদস্য
৯। উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর-সদস্য
১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-সদস্য
১১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-সদস্য
১২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ০১ জন-সদস্য
১৩। উপজেলা পরিষদ চেয়ারম্যানের প্রতিনিধি ০১ জন-সদস্য
(১২-১৩: উপজেলা পরিষদ চেয়ারম্যান কর্তৃক মনোনীত)
১৪। খাদ্য ব্যবসা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি ০২ জন সদস্য
১৫। খাদ্য উৎপাদন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি ০২ জন-সদস্য
১৬। খাদ্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি ০২ জন-সদস্য
১৭। সুশীল সমাজের প্রতিনিধি ০১ জন-সদস্য
১৮। গণমাধ্যমের প্রতিনিধি ০১ জন-সদস্য
(১৪-১৮: উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)
১৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক - সদস্য সচিব।

## উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির কর্মপরিধি

(১) নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে উপজেলা পর্যায়ে খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ, বিপণন ও বিক্রয় সংশ্লিষ্ট কার্যক্রম সমন্বয়ের মাধ্যমে নিয়ন্ত্রণ;
(২) উপজেলায় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার বর্তমান পরিস্থিতি নিরূপণ;
(৩) উপজেলায় বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিতকরণ;
(৪) চিহ্নিত স্থানীয় সমস্যাসমূহের অগ্রাধিকার নির্ণয়;
(৫) অগ্রাধিকারের ভিত্তিতে বিদ্যমান সমস্যাসমূহ দূরীকরণে পন্থা নির্ধারণ;
(৬) সর্বোত্তম পন্থা চিহ্নিতকরণ এবং স্থানীয়ভাবে তা সমাধান;
(৭) নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রচারণা কার্যক্রম;
(৮) নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা নিশ্চিতকরনে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়নপূর্বক বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ;
(৯) সমন্বয় কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে প্রতি দুই মাসে অন্তত: একবার এবং বছরে কমপক্ষে ছয়বার কমিটির সভা অনুষ্ঠিত হবে। তবে বিশেষ জরুরী পরিস্থিতিতে যে কোন সময় সভা আহবান করা যেতে পারে।
(১০) সমন্বয় কমিটি, প্রয়োজনবোধে, সংশ্লিষ্ট যে কোন ব্যক্তিকে সমন্বয় কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে ও সভায় উপস্থিতির আমন্ত্রণ জানাতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৬/০৭/২০১৭
(শামীমা সুলতানা)
অতিরিক্ত সচিব
খাদ্য মন্ত্রণালয়

নং-১৩.০০.০০০০.০২২.০৬.০০২.১৭-৩৬৪/১(৬০০০)

তারিখ: ২২ আষাঢ়, ১৪২৪ ব. / ০৬ জুলাই,২০১৭ খ্রি.

অনুলিপি: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। বিভাগীয় কমিশনার,........................................ (সকল)
২। ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ,........................................ (সকল)
৩। পরিচালক (স্বাস্থ্য), স্বাস্থ্য বিভাগ, ........................................ (সকল)
৪। অতিরিক্ত পরিচালক/উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,........................................ (সকল)

৫। তত্ত্বাবধায়ক/নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,.................................................................. (সকল)
৬। জেলা প্রশাসক,.................................................................. (সকল)
৭।পুলিশ সুপার, .................................................................. (সকল)
৮। সিভিল সার্জন, .................................................................. (সকল)
৯। চেয়ারম্যান, জেলা পরিষদ,..................................................(সকল)
১০। উপ-পরিচালক, বিভাগীয় প্রাণী সম্পদ দপ্তর, .................................... (সকল)
১১। উপ-পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর,................................................ (সকল)
১২। জেলা প্রাণী সম্পদ/মৎস্য কর্মকর্তা, .................................................................. (সকল)
১৩। উপ-পরিচালক/সহকারী পরিচালক, এনএসআই, ........................................... (সকল)
১৪। উপ-পরিচালক/সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর,....................................... (সকল)
১৫। পরিচালক/উপ-পরিচালক, বিএসটিআই আঞ্চলিক অফিস,.................................................................. (সকল)
১৬। উপ-পরিচালক/সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর,.................................................................. (সকল)
১৭। সভাপতি, মেট্রোপলিটন/জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ.................................................................. (সকল)
১৮। সভাপতি, বিভাগীয়/জেলা কনজিউমারস এ্যাসোসিয়েশন,.................................................................. (সকল)
১৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,................................. (সকল)
২০। জেলা খাদ্য নিয়ন্ত্রক,................................. (সকল)
২১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,.................................................................. (সকল)
২২। উপজেলা নির্বাহী অফিসার,.................................................................. (সকল)
২৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা/কৃষি/প্রাণি সম্পদ/মৎস্য/সমাজসেবা/মাধ্যমিক শিক্ষা/যুব উন্নয়ন/মহিলা বিষয়ক কর্মকর্তা,.................................................................. (সকল)
২৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা,..................................................................(সকল)
২৪। উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,.................................................. ................ (সকল)
২৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,.................................................................. (সকল)

০৬/০৭/১৭
(শামীমা সুলতানা)
অতিরিক্ত সচিব

নং-১৩.০০.০০০০.০২২.০৬.০০২.১৭-৩৬৪/২(১০০) তারিখ: ২২ আষাঢ়, ১৪২৪ ব. / ০৬ জুলাই,২০১৭ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
১। সিনিয়র সচিব/সচিব,.................................................................. বিভাগ/মন্ত্রণালয়
২। মহা পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৩। মেয়র,.................................................................. সিটি কর্পোরেশন/পৌরসভা
৪। মহাপরিচালক,..................................................................
৫। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ৭১-৭২ ইস্কাটন রোড, প্রবাসী কল্যাণ ভবন (১৩ তলা), ঢাকা।
৬। সভাপতি, এফবিসিসিআই, ঢাকা।
৭। সভাপতি, কনজিউমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা।
৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৯। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, (খাদ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

০৬/০৭/১৭
(শামীমা সুলতানা)
অতিরিক্ত সচিব